

## ক্রাস ওয়ানে ভর্তির বয়স নিয়ে বিতর্ক

সাখীয়া খান

ক্রাস ওয়ানে ভর্তির বয়স কতো- এ নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের নিয়ম অনুযায়ী ক্রাস ওয়ানে ভর্তি হতে হলে শিক্ষার্থীর বয়স অবশ্যই ছয় হতে হবে। আর শিক্ষা বোর্ডের নিয়মে, একটি শিশু চার বছর বয়সেই ক্রাস ওয়ানে ভর্তি হতে পারে।

ঢাকা শিক্ষা বোর্ডের ২৫ ফেব্রুয়ারি জারি করা এক পরিপত্রে উল্লেখ আছে, ১২ বছর পূর্ণ অবধি ১৩ বছর না হলে একজন শিক্ষার্থীকে নবম শ্রেণীতে ভর্তি করা যাবে না। এ নিয়ম বিশ্লেষণ করলে দেখা যায়, একজন শিক্ষার্থী ক্রাস ওয়ানে ভর্তি হতে পারে চার বছর বয়সে।

কিন্তু প্রাথমিক শিক্ষা অধিদফতরের নিয়ম অনুযায়ী ছয় বছরের আগে কোনো শিশুকে ক্রাস ওয়ানে ভর্তি করানো হয় না। সে ক্ষেত্রে একটি শিশুকে প্রাইমারির গতি পেরিয়ে মাধ্যমিকের নবম শ্রেণীতে উত্তীর্ণ হতে হলে কমপক্ষে ১৫ বছর হতে হয়। প্রাইমারি ও মাধ্যমিকের নিয়ম অনুযায়ী নবম শ্রেণীতে ভর্তির বয়স নিয়ে বিভ্রান্তি দেখা দিয়েছে।

শিক্ষা বোর্ডের জারি করা পরিপত্রে ১৩ বছর নবম শ্রেণীতে ভর্তির ব্যাপারটি অতিভাবকদের মধ্যে নাড়া দিয়েছে। অতিভাবক শহীদুল ইসলাম বলেন, ১৩ বছর বয়সে ক্রাস নাইনে ভর্তি

## ক্রাস ওয়ানে ভর্তির বয়স নিয়ে

(শেষ পৃষ্ঠার পর)

করতে পারলে কেন আমি আমার সন্তানের, বয়স বেশি দেবো। যদি ১৩ বছর বয়সে ক্রাস নাইনে ভর্তি করা যায় তাহলে আমার সন্তান সরকারি চাকরি পাওয়ার ক্ষেত্রে বেশি করে চেষ্টা করতে পারবে।

তার মতে, ক্রাস নাইনে রেজিস্ট্রেশনের সময় ১৫ বছর বয়স শিলে আমার সন্তান দুই বছর আগে সরকারি চাকরিতে পরীক্ষা দেয়ার সুযোগ হারাবে। শহীদুল ইসলাম এখন তার সন্তানের বয়স কমানোর জন্য এফিডেভিট করবেন। কেবল শহীদুল ইসলাম নন, পরিপত্র জারির পর অনেক অতিভাবকই এফিডেভিট করে সন্তানের বয়স কমাচ্ছেন।

কিন্তু শিক্ষা বোর্ড জানিয়েছে, যারা ক্রাস নাইনে রেজিস্ট্রেশন করেছে তাদের বয়স এফিডেভিট করলে তা গ্রহণযোগ্য হবে না। যদি বয়সের ক্ষেত্রে বড় ধরনের কোনো সমস্যা থাকে তবে জা এসএসসি পরীক্ষার পর এবং অবশ্যই দুই বছরের মধ্যে শিক্ষা বোর্ডের নির্ধারিত নিয়মে পরিবর্তন করা সম্ভব হবে।

আমাদের দেশের প্রাইমারি স্কুলগুলো অধিদফতরের নিয়ম কঠোরভাবে মেনেই ছয় বছরের কম বয়সী কোনো শিশুকে ক্রাস ওয়ানে ভর্তি করছে না। ঢাকার নাজিরপুর সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষক

খায়রুন নেসা বলেন, আমরা ছয় বছরের নিচে কোনো শিক্ষার্থীকে ক্রাস ওয়ানে ভর্তি করি না। ক্রাস ওয়ানের পড়া এখন অনেক কঠিন, তাই ছয় বছরের নিচে শিশুকে ক্রাস ওয়ানে ভর্তি করলে খুব সমস্যা হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকার এক নামি স্কুলের প্রধান শিক্ষক বলেন, সরকারের বিভিন্ন নিয়মের মধ্যে সময় নেই। এ কারণেই বিভ্রান্তি দেখা দিচ্ছে। প্রাথমিক ও মাধ্যমিকের মধ্যে সময়সীমাতার জন্য এ বিভ্রান্তির সৃষ্টি হয়েছে বলে মনে করেন তিনি।

শিক্ষা বোর্ডের নিয়ম অনুযায়ী একটি শিশু চার বছর বয়সে ক্রাস ওয়ানে ভর্তি হতে পারে, যা পুরোটাই অযৌক্তিক বলে মনে করেন শিক্ষাবিদ মমতাজ উদ্দীন পাটোয়ারি। তিনি বলেন, একটি শিশু ছয় বছরের আগে কখনোই ক্রাস ওয়ানে ভর্তি হতে পারে না। একটা সময় ছিল যখন শিক্ষকরা নবম শ্রেণীতে রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীদের বয়স কমিয়ে দিতেন। কিন্তু এখন আর সেটা সম্ভব হয় না। সরকারি স্কুলগুলোতে নবম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে স্কুলে ভর্তির জরিখ গণনা এবং জন্ম নিবন্ধন সার্টিফিকেট দেখেই রেজিস্ট্রেশন করা হয়। তবে বেসরকারি স্কুলগুলোর ক্ষেত্রে কিছুটা অনিয়ম হয় বলে স্বীকার করেন নাম প্রকাশে অনিচ্ছুক ঢাকা শিক্ষা বোর্ডের এক কর্মকর্তা।